

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.৩৭.৫২৮.১৭-৪৩৮

তারিখঃ ২৮ কার্তিক, ১৪২৪ বাং
১২ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ট্রেনিং ভেন্যু বাছাই এবং মাস্টার ট্রেনার নির্বাচন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ৭ম পর্বে ১৪টি জেলার নির্ধারিত ২০টি উপজেলায় উপকারভোগী বাছাইয়ের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা হয়েছে। এটি প্রত্যাশিত যে প্রদত্ত নির্দেশনা অনুসারে কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে প্রস্তুতিমূলক কার্যাদি গ্রহণ করছেন। এরি আলোকে এ সময়ে সম্পাদনযোগ্য একটি গুরুত্বপূর্ণ প্রস্তুতি সম্পন্নকরণের বিষয়ে আলোকপাত করা হ'ল।

২। প্রশিক্ষণ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ ভেন্যুর বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির উপকারভোগীদের ৩(তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভেন্যু বাছাই খুবই জরুরী। বিশেষতঃ নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রের অনুপস্থিতিতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণ ভেন্যু পূর্ব হতেই বাছাই করে রাখা অপরিহার্য। এ ক্ষেত্রে উপজেলা সদরের কাছাকাছি সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী প্রতিষ্ঠানের অডিটরিয়াম, প্রশিক্ষণ কেন্দ্র, ইউনিয়ন পরিষদের মিলনায়তন প্রভৃতি প্রশিক্ষণ ভেন্যু হিসেবে বাছাই করা যেতে পারে। এ ক্ষেত্রে প্রতিটি কক্ষে মোটামুটি ১০০ জনকে বসানোর বিষয়টি বিবেচনায় রাখতে হবে। প্রতি শিফটে ১০০ জন হিসেবে ৫টি ভেন্যুতে ৫০০ জন করে ২টি শিফটে ৫টি ভেন্যুতে সর্বোচ্চ ১০০০ জনের প্রশিক্ষণ পরিচালনা করা হয়ে থাকে। সে হিসাবে অন্ততঃ ৮টি ভেন্যু বাছাই করা যেতে পারে; যাতে অন্তত ৫টি ভেন্যু সহজে পাওয়া যায়। বাছাইকৃত উপকারভোগীর সংখ্যা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ভেন্যু বাছাই করার বিষয়টিই বিবেচ্য। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সমন্বয় কমিটির সভাপতি মহোদয়ের সহযোগিতা প্রয়োজন বিধায় তাঁর পরামর্শ নিয়ে কাজটি সম্পন্ন করতে হবে।

৩। অন্যদিকে প্রশিক্ষণ কার্যক্রমে মাস্টার ট্রেনার নির্বাচন একটি গুরুত্বপূর্ণ বিষয়। নীতিমালার নির্দেশনা অনুসারে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে মাস্টার ট্রেনার নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে জেলা প্রশাসক ও জেলা সমন্বয় কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সমন্বয় কমিটির সভাপতির পরামর্শ নিতে হবে। জেলা কমিটি কর্তৃক মাস্টার ট্রেনারের তালিকাটি অনুমোদিত হতে হবে। দক্ষ প্রশিক্ষক সমন্বয়ে একটি চৌকস প্রশিক্ষক দল প্রশিক্ষণ কার্যক্রমকে সফলতার দ্বার প্রাপ্তে পৌঁছাতে সক্ষম হবে বলে আশা করা যায়।

৪। ইতোমধ্যে সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনায় প্রশিক্ষণ ভেন্যু ও মাস্টার ট্রেনার নির্বাচনের তারিখ ধার্য করা হয়েছে। প্রসঙ্গতঃ জানানো যাচ্ছে যে, এ পর্বের প্রশিক্ষণ ১ ডিসেম্বর হতে শুরু করার পরিকল্পনাও নেয়া হয়েছে। এ কাজটি দ্রুত সম্পন্ন করা হলে সুবিধা হবে বলে প্রতীয়মান হয়। কেননা বাছাইকার্য শুরু হলে এ ক্ষেত্রে পর্যাপ্ত সময় প্রদান করা সম্ভব হবে না বিধায় এখনই এটি সম্পন্ন করা যেতে পারে। প্রশিক্ষণ ভেন্যুর ক্ষেত্রে প্রয়োজনীয় স্থান সংকুলান, আলো-বাতাস, পানীয় জলের সংস্থান এবং শৌচাগার-এর বিষয়টি বিবেচ্য। অন্যদিকে প্রশিক্ষক নির্বাচনের ক্ষেত্রে বিষয়ভিত্তিক জ্ঞানের সাথে গ্রহণযোগ্যতার বিষয়টি বিচার্য।


এমতাবস্থায়, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুষ্ঠু প্রশিক্ষণ ব্যবস্থাপনার স্বার্থে যথানিয়মে প্রশিক্ষণ ভেন্যু এবং মাস্টার ট্রেনার বাছাই সম্পন্ন করতঃ এর তালিকা যথাসময়ে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সেলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ইহা কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

প্রাপকঃ ১) উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
----- জেলা।

২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
----- উপজেলা।

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক,----- (সংশ্লিষ্ট)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা,----- (সংশ্লিষ্ট)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


(আবুল হাছান মাসুম)
যুগ্মসচিব
পরিচালক(পরিকল্পনা)
ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোন : ৯৫৬০৭০৩